# খাদ্য পরিষেবা প্রতিষ্ঠানগুলির জন্য আপডেটকৃত ক্যালরি লেবেল করার নিয়ম: আপনাকে যা জানতে হবে
## সংশোধিত, এপ্রিল 2018

নিউ ইয়র্ক সিটি (NYC) স্বাস্থ্য বিধির ক্যালরি লেবেল দেওয়ার নিয়ম আপডেট করা হয়েছে। ক্যালরি পোস্ট করা ছাড়াও, নিয়মটি এখন আওতাভুক্ত প্রতিষ্ঠানগুলিকে তাদের মেনু ও মেনু বোর্ডে দুটি নতুন পুষ্টিগত বিবৃতি পোস্ট করা এবং অনুরোধক্রমে গ্রাহকদের জন্য পুষ্টি সংক্রান্ত অন-সাইট অতিরিক্ত তথ্য রাখাকে বাধ্যতামূলক করে দিয়েছে। আপডেট করা নিয়মটি ক্যালোরির তথ্য প্রদর্শন করার জন্য কিছু আবশ্যকতাকেও পরিবর্তন করে।
ফেডেরাল মেনু লেবেল করার আবশ্যকতার সঙ্গে মেলাতে এইসব পরিবর্তন করা হয়েছে।

এই নিয়মটি এমন যে কোনো প্রতিষ্ঠানকে আওতাভুক্ত করে যা রেস্তোরাঁ ধরনের খাবার পরিবেশন করে এবং যুক্তরাষ্ট্রের 15টি বা তার বেশি স্থানে একই নামের অধীনে ব্যবসারত একটি শৃঙ্খলের অংশ এবং অনেকাংশে একই মেনু আইটেমগুলি বিক্রি করছে। এই নথিটি রেস্তোরাঁর জন্য ক্যালরির লেবেল দেওয়ার নিয়মের ক্ষেত্রে পরিবর্তনগুলির প্রতি মনোযোগ আকর্ষণ করে, যেগুলি মূল নিয়মের অধীন ছিল এবং এখন আপডেট করা নিয়মের অধীনে আছে। যে ফুড রিটেল প্রতিষ্ঠানগুলি নতুনভাবে আপডেট করা নিয়মের আওতাভুক্ত হয়েছে সেগুলির জন্য একটি আলাদা নির্দেশনা নথি আছে।

22 শে মে 2017 থেকে নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য বিভাগ চেন ফুড রিটেলারদের ক্যালরির লেবেল দেওয়ার নতুন আবশ্যকতাগুলি সম্বন্ধে শিক্ষাদান করেছে কিন্তু বর্তমানে লংঘনের বিজ্ঞপ্তি জারি করছে না। *ন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ কনভেনিয়েন্স স্টোর্স বনাম নিউ ইয়র্ক শহরের স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্য বিভাগ* মামলাটিতে একটি সম্মতিতে পৌঁছনোর পরে 7 মে 2018 থেকে স্বাস্থ্য বিভাগ জরিমানার শর্তাধীনে লংঘনের বিজ্ঞপ্তি জারি শুরু করার পরিকল্পনা করেছে।

### ক্যালরির লেবেল দেওয়ার মূল নিয়মের অধীনে থাকা প্রতিষ্ঠানগুলির আপডেটকৃত নিয়মটি সম্বন্ধে কী জানা প্রয়োজন?

আওতাভুক্ত প্রতিটি খাদ্য পরিষেবা প্রতিষ্ঠানকে এখন অবশ্যইঃ

- তার মেনু এবং মেনু বোর্ডে দুটি নতুন পুষ্টি সংক্রান্ত বিবৃতি অন্তর্ভুক্ত করতে হবে।
- সাইটে বিস্তারিতভাবে পুষ্টি সংক্রান্ত তথ্য রাখতে হবে এবং কেউ দেখার জন্য অনুরোধ করলে তাকে তথ্য প্রদান করবে।
- রেস্তোরাঁ-ধরনের খাবারের জন্যে ক্যালরি লেবেল করা পরিবর্তন করতে হবে, যার মধ্যে অন্তর্ভুক্ত: একাধিক-পরিবেশিত স্ট্যান্ডার্ড প্রদানকারী মেনু আইটেমগুলি সহ, সংমিশ্রন (কম্বিনেশন) মিলের পছন্দগুলি সহ, স্ব-পরিবেশিত খাবার, প্রদর্শিত খাবার, বিভিন্ন টপিং এর পছন্দ সহ মেনু আইটেম এবং অস্থায়ী মেনু আইটেম।

### দুটি নতুন প্রয়োজনীয় পুষ্টি সংক্রান্ত বিবৃতিগুলি কি কি?*

নতুন পুষ্টি সংক্রান্ত বিবৃতিগুলি হল:

1. “2,000 calories a day is used for general nutrition advice, but calorie needs vary.” (দিনে 2,000 ক্যালরি সাধারণ পুষ্টি সংক্রান্ত পরামর্শের জন্য ব্যবহৃত হয়, কিন্তু ক্যালরির চাহিদা পরিবর্তিত হয়।)
2. “Additional nutritional information available upon request.” (অতিরিক্ত পুষ্টি সংক্রান্ত তথ্য অনুরোধ সাপেক্ষে উপলব্ধ।)

*এই প্রশ্নের উত্তর সংশোধন করা হয়েছে, এপ্রিল 2018

এইসব বিবৃতি মেনু এবং মেনু বোর্ডে স্পষ্টভাবে প্রদর্শিত হওয়া আবশ্যক। মেনুর জন্য, ক্যালরি সংক্রান্ত বিবৃতিটি (উপরে বিবৃতি 1) মেনুর প্রতিটি পৃষ্ঠায় দেখাতে হবে। মেনু বোর্ডের ক্ষেত্রে, গ্রাহকরা অর্ডার দেওয়ার সময় যখন মেনু বোর্ড দেখেন তখন দুটি আবশ্যক পুষ্টি সংক্রান্ত বিবৃতিকে অবশ্যই তাদের কাছে দৃশ্যমান হতে হবে। এগুলি বোর্ডের প্রতিটি প্যানেলে দেখা যেতে পারে, তবে এটা আবশ্যক নয়। বিবৃতিগুলি যদি প্রতিটি প্যানেলে না থাকে, তাহলে বোর্ডে তালিকাভুক্ত যে কোনো আইটেম দেখার সময় এগুলিকে অবশ্যই গ্রাহকের কাছে দৃশ্যমান হতে হবে। স্বয়ং-সেবা খাবার এবং ডিসপ্লের খাবারের জন্য, এইসব বিবৃতি খাবারের পরে একক চিহ্ন সহকারে তালিকাভুক্ত থাকতে পারে এবং খাবারের কাছে পৃথকভাবে বড় চিহ্ন সহকারে তালিকাভুক্ত থাকতে পারে, যাতে গ্রাহক অর্ডার করার সময় সহজেই পড়তে পারেন অথবা বড় বোর্ডে তালিকাভুক্ত থাকতে পারে যাতে গ্রাহক অর্ডার করার সময় সহজেই পড়তে পারেন।

**শিশুদের মেনুর জন্যে কি একটি ভিন্ন পুষ্টি বিবৃতি আছে?**

শিশুদের মেনুর জন্য, নিম্নোক্ত বিবৃতিগুলি ওপরের বিবৃতি 1-কে প্রতিস্থাপিত করতে পারে অথবা এতে যুক্ত হতে পারে:

- "1,200 to 1,400 calories a day is used for general nutrition advice for children ages 4 to 8 years, but calorie needs vary." (4 থেকে 8 বছরের শিশুদের ক্ষেত্রে সাধারণ পুষ্টি সংক্রান্ত পরামর্শের জন্য প্রতিদিন 1,200 থেকে 1,400 ক্যালরির ব্যবহার করা হয়, কিন্তু ক্যালরির প্রয়োজনের তারতম্য থাকে।)
- "1,200 to 1,400 calories a day is used for general nutrition advice for children ages 4 to 8 years and 1,400 to 2,000 calories a day for children ages 9 to 13 years, but calorie needs vary." (4 থেকে 8 বছর বয়সী শিশুদের জন্য সাধারণ পুষ্টি পরামর্শের জন্য দিনে 1,200 থেকে 1,400 ক্যালরির ব্যবহার করা হয় এবং 9 থেকে 13 বছর বয়সী শিশুদের জন্য দিনে 1,400 থেকে 2000 ক্যালরি, কিন্তু ক্যালরির প্রয়োজনের তারতম্য থাকে।)

**গ্রাহকদের অনুরোধে কি কি অতিরিক্ত পুষ্টি সংক্রান্ত তথ্য অবশ্যই উপলব্ধ হতে হবে?***

যে গ্রাহকরা অনুরোধ করেন তাদের জন্য প্রতিষ্ঠানগুলিকে মেনু আইটেমগুলির সম্বন্ধে পুষ্টি সংক্রান্ত অতিরিক্ত অন-সাইট তথ্য অবশ্যই রাখতে হবে। এই তথ্য এই ক্রমে তালিকাভুক্ত করা এবং এই পরিমাপ ব্যবহার করা আবশ্যক: মোট ক্যালরি (cal), চর্বি থেকে ক্যালরি (fat cal), মোট চর্বি (g), স্যাচুরেটেড ফ্যাট (g), ট্রান্স ফ্যাট (g), কোলেস্টেরোল (mg), সোডিয়াম (mg), মোট কার্বহাইড্রেট (g), খাদ্যে অন্তর্ভুক্ত ফাইবার (g), শর্করা (g) এবং প্রোটিন (g)।

এই তথ্যটি একটি কাউন্টার কার্ড, সাইন, পোস্টার, বিলিপত্র বা ইলেকট্রনিক ডিভাইস (যেমন, একটি কিয়স্ক বা ওই বিল্ডিং এ অন্য ডিভাইসে), বা একটি পুস্তিকা, আলাদা পাতার বাইন্ডার, মেনু বা অনুরূপ উপায়ে প্রদর্শিত হতে পারে।

**যে বিজ্ঞাপনগুলিতে খাবারের আইটেম ও মূল্য থাকে সেগুলি কি মেনু হিসেবে বিবেচিত হয়?***

নিয়মটি অনুযায়ী এমন যে কোনো প্রধান মেনু ও মেনু বোর্ডে ক্যালরির তথ্য প্রদর্শন করা বাধ্যতামূলক যেগুলি ব্যবহার করে অর্ডার দেওয়া যায়। আবশ্যকতাটি পুরোপুরি প্রচারমূলক সামগ্রীর ক্ষেত্রে প্রযোজ্য নয়। তবে যে সব সামগ্রী অর্ডার দেওয়ার জন্য ব্যবহার করা যায় সেগুলিতে ক্যালরির তথ্য অবশ্যই প্রদর্শন করতে হবে।

*এই প্রশ্নের উত্তর সংশোধন করা হয়েছে, এপ্রিল 2018

উদাহরণস্বরূপ, একজন গ্রাহক কোনো ডেলি কাউন্টারে আইটেমটি এবং তার মূল্যের তালিকা প্রদানকারী একটি পোস্টার দেখার পরে একটি আইটেম অর্ডার দেওয়ার পছন্দ বেছে নিতে পারেন; এই পোস্টারে ক্যালোরি সংক্রান্ত তথ্য অবশ্যই প্রদর্শন করতে হবে যদি তথ্যটি অন্যথায় কাউন্টারে পোস্ট করা না থাকে (যেমন, একটি মেনু বোর্ডে বা ফুড প্যাকেজে)। তবে, প্রতিষ্ঠানের বাইরে দেখা যাবে কিন্তু অর্ডার করার জন্য ব্যবহার করা যাবে না এমন একটি অনুরূপ পোস্টারে ক্যালরির তথ্য প্রদান করার দরকার নেই।

**একাধিক মানুষকে পরিবেশনকারী মেনু ও মেনু বোর্ড আইটেমগুলির জন্য কিভাবে প্রতিষ্ঠানগুলি ক্যালরি সংক্রান্ত তথ্য পোস্ট করবে?**

একাধিক মানুষকে পরিবেশনকারী মেনু ও মেনু বোর্ড আইটেমগুলির জন্য (যেমন, একটা বড় পিৎজা বা চিকেন উইংস-এর বাকেট) প্রতিষ্ঠানগুলি পুরো আইটেমটির জন্য অথবা একটি স্বতন্ত্র পরিবেশনের ইউনিটের জন্য ক্যালরি পোস্ট করতে পারে। যদি একবার পরিবেশনকারী ইউনিটের জন্য ক্যালরি পোস্ট করা হয়, তাহলে মেনু বা মেনু বোর্ডে ইউনিটটি অবশ্যই সনাক্ত করতে হবে।

আইটেমটিকে সাধারণত কীভাবে প্রস্তুত করা হয় এবং বিক্রয়ের জন্য প্রদান করা হয়, তার ভিত্তিতে ক্যালরি ঘোষণা করা উচিত; প্রতিটি প্রতিষ্ঠানকে এটা অবশ্যই নির্ধারণ করতে হবে। নিচে একটা উদাহরণ দেওয়া হল:

| **আইটেম** | **ক্যাল** | **দাম** |
|---|---|---|
| মাঝারি পনির পিৎজা | 1680 | $12.99 |

**অথবা**

| **আইটেম** | **ক্যাল** | **দাম** |
|---|---|---|
| মাঝারি পনির পিৎজা | 210 ক্যাল/স্লাইস, 8টি স্লাইস | $12.99 |

**কিভাবে প্রতিষ্ঠানগুলির বিভিন্ন পছন্দের সাথে সংমিশ্রন (কম্বিনেশন) মিলের জন্যে ক্যালরি সংক্রান্ত তথ্য তালিকাভুক্ত করা উচিত?**

NYC-র মূল নিয়মের অধীনে, মিশ্র আহারগুলির জন্য ক্যালরিকে একটি সীমা হিসেবে তালিকাভুক্ত করা হয়েছিল, যা সব সম্ভাব্য সংমিশ্রণের জন্য ক্যালরির ন্যূনতম ও সর্বোচ্চ পরিমাণ দেখায়। শুধুমাত্র দুটি সম্ভাব্য সংমিশ্রণ সহ আহার এবং তিনটি বা তার বেশি সম্ভাব্য সংমিশ্রণ সহ আহারগুলির জন্য আপডেট করা নিয়মটিতে ভিন্ন প্রয়োজনীয়তা রয়েছে।

*এই প্রশ্নের উত্তর সংশোধন করা হয়েছে, এপ্রিল 2018

**শুধুমাত্র দুটি সংমিশ্রণ সহ আহারের ক্ষেত্রে (যেমন, দুটি সাইডের পছন্দের সাথে প্রদান করা হয় এমন আইটেম),** প্রতিটি বিকল্পের জন্য ক্যালরির সংখ্যা তালিকাভুক্ত করুন, যেখানে একটি স্ল্যাশ দুটি ভিন্ন ক্যালরি গণনাকে পৃথক করে:

| **আইটেম** | **ক্যাল** | **দাম** |
|---|---|---|
| BLT স্যান্ডউইচ আপেল বা চিপস সহ | 590/660 | $8.99 |

**তিন বা ততোধিক সম্ভাব্য সংমিশ্রণ সহ একটি আহারের জন্য,** একটি সীমা হিসেবে ক্যালরির সংখ্যা তালিকাভুক্ত করুন যা সকল সংমিশ্রণের জন্য ন্যূনতম ও সর্বাধিক ক্যালরি দেখায়:

| **আইটেম** | **ক্যাল** | **দাম** |
|---|---|---|
| BLT স্যান্ডউইচ আপেল, সাইড-স্যালাড বা চিপস সহ | 590 - 660 | $8.99 |

**কিভাবে প্রতিষ্ঠানগুলি ক্যালরি সংক্রান্ত তথ্য প্রদর্শন করবে সেইসকল মেনুর আইটেমগুলির জন্য যার বিভিন্ন ধরনের টপিং-এর বিকল্প আছে?**

মূল নিয়মটির অধীনে, টপিংস-এর পছন্দ সহ একটি মেনু আইটেমকে (যেমন, এক স্কুপ আইস ক্রিম) সংমিশ্রণ আহার হিসেবে গণ্য করা হয়েছিল; মেনু আইটেমটি এবং বিভিন্ন টপিং-এর পছন্দগুলির জন্য ক্যালরিগুলিকে একটি সীমা হিসেবে পোস্ট করা হয়েছিল। আপডেট করা নিয়ম অনুযায়ী প্রতিষ্ঠানগুলিকে টপিংস ছাড়া মেনু আইটেমটির জন্য ক্যালরি তালিকাভুক্ত করতে হয় এবং প্রতিটি টপিং এর পছন্দের জন্য পৃথক ক্যালরির তথ্য পোস্ট করতে হয়:

| **আইটেম** | **ক্যাল** | **দাম** |
|---|---|---|
| চকোলেট আইস ক্রিম, প্রতি স্কুপ | 250 | $4.50 |
| টপিংস | | |
| চিনেবাদাম, 1 oz | 150 | |
| স্প্রিঙ্কলস, 1 টেবিল চামচ | 20 | |
| হট ফাজ, 1 oz | 65 | |

*এই প্রশ্নের উত্তর সংশোধন করা হয়েছে, এপ্রিল 2018

**কিভাবে প্রতিষ্ঠানগুলি ক্যালরি সংক্রান্ত তথ্য প্রদর্শন করবে স্ব-পরিবেশিত খাদ্য এবং প্রদর্শিত খাদ্যের ক্ষেত্রে?**

স্ব-পরিবেশিত খাবার (যেমন, একটি বুফে) এবং প্রদর্শন করা খাবার (যেমন, "গ্র্যাব-অ্যান্ড-গো" খাবার) যা একটি স্বতন্ত্র ইউনিটে প্রদান করা হয় সেগুলির জন্য, প্রতিষ্ঠানগুলিকে আইটেমটিতে মোট ক্যালরির সংখ্যা অবশ্যই পোস্ট করতে হয়, ঠিক যেভাবে তা সাধারণভাবে প্রস্তুত করা হয় এবং বিক্রয়ের জন্য প্রদান করা হয়। স্ব-পরিবেশিত খাবার এবং প্রদর্শন করা খাবার যা একটি স্বতন্ত্র ইউনিটে প্রদান করা হয় না সেগুলির জন্য, ক্যালরিকে একটি স্ট্যান্ডার্ড স্কুপ বা কাপের মাপের জন্য পোস্ট করা উচিত। ক্যালরি পোস্ট করার সময় স্বতন্ত্র পরিবেশনের ইউনিটটি অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে।

প্রতিষ্ঠান বিভিন্ন উপায়ে ক্যালরি তথ্য প্রদর্শন করতে পারে, যাতে গ্রাহক সামগ্রী বাছাইয়ের সময় সামগ্রীর নাম, ক্যালরির পরিমাণ এবং পরিবেশনের পরিমাণ দেখতে পারেন। ক্যালরির তথ্য খাদ্য সামগ্রীর সঙ্গে স্পষ্টভাবে কোন চিহ্ন সহকারে অথবা সামগ্রীর উপরে সরাসরি হাঁচি রোধকের সঙ্গে সংযুক্ত থাকতে পারে। যদি কোন হাঁচি রোধকে কোন চিহ্ন বা প্ল্যাকার্ড একাধিক খাদ্যবস্তুর জন্য ক্যালরি সংক্রান্ত তথ্য তালিকাভুক্ত করা হয়, তাহলে চিহ্নটি অবশ্যই এমন জায়গায় থাকতে হবে যেখানে সেটি পাঠরত ক্রেতা সেই সব খাদ্যবস্তুগুলি দেখতে পান, যার জন্য ক্যালরিগুলি তালিকাভুক্ত করা হয়েছে। কিভাবে স্বয়ং-সেবা খাদ্যের এবং ডিসপ্লেতে উল্লিখিত খাদ্যের ক্যালোরি তথ্য পোস্ট করতে হয় তা সম্পর্কে উদাহরণ ফেডেরাল মেনু লেবেলিং নির্দেশিকায়। পাওয়া যেতে পারে। স্ব-পরিবেশিত পানীয়গুলির জন্য, ক্যালরি পোস্টিংগুলিতে "ফ্লুইড আউন্স" শব্দ দ্বারা চিহ্নিত কাপে ফ্লুইড আউন্সের সংখ্যা এবং প্রযোজ্য হলে, কাপের আকার (যেমন, ছোট, মাঝারি ইত্যাদি) এর একটি বিবরণ অন্তর্ভুক্ত করতে হবে।

**যদি গ্র্যাব–অ্যান্ড–গো আইটেমে পুষ্টি সম্পর্কিত তথ্য বা প্যাকেজের সামনে ক্যালোরির তথ্য দেওয়া থাকে তাহলে কি হবে?***

পুষ্টি সম্পর্কিত তথ্য বা প্যাকেজের সামনে ক্যালোরির তথ্য থাকা মানে উক্ত জিনিসটি ক্যালোরি লেবেল লাগানোর আবশ্যকতা পূরণ করেছে। যদি একটি গ্র্যাব-অ্যান্ড-গো আইটেমে পুষ্টি সংক্রান্ত তথ্যের লেবেল অন্তর্ভুক্ত থাকে বা প্যাকেজের সামনের দিকে ক্যালোরির তথ্য থাকে, যেটি একজন ক্রেতা কেনার আগে দেখতে পান, তাহলে সেই ক্ষেত্রে প্রতিষ্ঠানটির ক্যালোরির অতিরিক্ত তথ্য পোস্ট করার প্রয়োজন নেই।

**সাময়িক মেনুর আইটেমের জন্য কি প্রতিষ্ঠানকে ক্যালরি সংক্রান্ত তথ্য তালিকাভুক্ত করতে হবে?**

মূল নিয়মের মত, আপডেট করা নিয়মটিতে অস্থায়ী মেনুর আইটেমগুলির জন্য ক্যালরি তালিকাভুক্ত করার প্রয়োজন হয় না। তবে, অস্থায়ী মেনুর আইটেমের সংজ্ঞা বদলে গেছে। আপডেট করা নিয়মে অস্থায়ী মেনুর আইটেমগুলির সংজ্ঞায় সেই বস্তুগুলিকে নির্দেশ করা হয় যেগুলো প্রতি ক্যালেন্ডার বছরে 60 দিনের চেয়ে কম সময়ের জন্য প্রদান করা হয় (মূল নিয়ম 30 দিনের কম নির্দিষ্ট করেছিল)। ক্রেতা গ্রহনযোগ্যতা পরীক্ষণের অংশ হিসেবে প্রতিষ্ঠানগুলিকে সেই সব খাদ্যের ক্যালরি তালিকাভুক্ত করতে হবে না যেগুলি ধারাবাহিকভাবে 90 দিনের কম সময় প্রদান করা হয়।

*এই প্রশ্নের উত্তর সংশোধন করা হয়েছে, এপ্রিল 2018

**নিয়মটি মান্য না করলে কী শাস্তি পেতে হয়?**

যে প্রতিষ্ঠানগুলি এই নিয়ম মান্য করে না, তাদের একটি লংঘনের বিজ্ঞপ্তি দেওয়া হতে পারে। এর ফলে একটি প্রতিষ্ঠানের স্যানিটারি গ্রেড প্রভাবিত হবে না, কিন্তু এর ফলে প্রতি লংঘনের জন্য $200 জরিমানা হতে পারে। সেই প্রতিষ্ঠানগুলিকে লংঘনের বিজ্ঞপ্তি প্রদান করা হবে যারা:

- স্বাস্থ্য বিধির আবশ্যকতা অনুযায়ী ক্যালরির তথ্য পোস্ট করতে ব্যর্থ হয়;
- পরিপূরক পুষ্টি সংক্রান্ত তথ্য বিক্রয়ের স্থানে রাখে না এবং গ্রাহকদের পর্যালোচনার জন্য উপলব্ধ করায় না; এবং/বা
- তাদের মেনু ও মেনু বোর্ডগুলিতে পুষ্টি সংক্রান্ত প্রয়োজনীয় বিবৃতিগুলি পোস্ট করে না।

**দেশব্যাপী 15 থেকে 19টি স্থানে প্রতিষ্ঠান আছে, এবং তাদেরকে কি ক্যালরির লেবেল দেওয়ার জন্য NYC-র আবশ্যকতাগুলি মেনে চলতে হয়?**

হ্যাঁ। NYC-র নিয়মটি এমন যে কোনো প্রতিষ্ঠানকে আওতাভুক্ত করে যা 15 টি বা তার বেশি স্থানের একটি শৃঙ্খলের অংশ এবং দেশব্যাপী একই নামের অধীনে ব্যবসা করছে। এই প্রতিষ্ঠানগুলিকে ক্যালরির লেবেল দেওয়ার জন্য NYC-র আবশ্যকতাগুলি মেনে চলতে হয়, এমন কি যদি তারা ফেডারাল আবশ্যকতাগুলির অধীনে না থাকে তাহলেও।

**স্বাস্থ্য বিভাগ "অনেকাংশে একই মেনু আইটেম" বাক্যাংশকে কীভাবে ব্যাখ্যা করে?**

"অনেকাংশে একই মেনু আইটেম" বাক্যাংশটির অর্থ হল শৃঙ্খলের সব স্থানে তাদের মেনু আইটেমগুলির জন্য প্রমাণীকৃত উপাদান, রান্নার প্রণালী এবং প্রস্তুতির পদ্ধতি ব্যবহার করা হয়। আওতাভুক্ত প্রতিষ্ঠানগুলি অনেকাংশে একই মেনু আইটেম পরিবেশন করে কিনা তা নির্ধারণ করার জন্য স্বাস্থ্য বিভাগ দ্বারা বিষয়ানুসারে প্রতিটিকে স্বতন্ত্রভাবে পর্যালোচনা করা হতে পারে।

**স্বাস্থ্য বিভাগ কখন জরিমানা প্রয়োগ করা শুরু করবে?**

স্বাস্থ্য বিভাগ 7 মে 2018 থেকে, জরিমানার শর্তাধীনে লংঘনের বিজ্ঞপ্তি জারি করা শুরু করবে।

**স্বাস্থ্য দপ্তর কি আমি কিভাবে ক্যালরি লেবেল করার নিয়ম মেনে চলার পরিকল্পনা করছি তার একটি মেনু প্রতিরূপ পর্যালোচনা করবে?**

হ্যাঁ, স্বাস্থ্য বিভাগ আপনার মেনু, মেনু বোর্ড বা অন্যান্য চিত্রের প্রতিরূপের পর্যালোচনা করবেন এবং নিশ্চিত করবেন সেগুলি নতুন প্রয়োজনীয়তাগুলি পূরণ করছে কিনা। স্বাস্থ্য দপ্তরের কাছে পর্যালোচনার জন্য প্রতিরূপ জমা দেওয়া ঐচ্ছিক। আপনি যদি চান স্বাস্থ্য দপ্তর আপনার প্রতিরূপগুলি পর্যালোচনা করুক, তাহলে তাদের ইমেল করুন infobfscs@health.nyc.gov তে এবং সাবজেক্ট লাইনে টাইপ করুন "ক্যালরি লেবেলিং প্রতিরূপ"।

Español | বাংলা | 简化字 | Русский | 中文 nyc.gov/health "Operating a restaurant"

*এই প্রশ্নের উত্তর সংশোধন করা হয়েছে, এপ্রিল 2018



NYC Health